

২০২৩

বাংলা

(সাম্মানিক)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-H-DSE-T-4

(বাংলা ও প্রাদেশিক সাহিত্য)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) রাজ দরবার থেকে বিতাড়িত হয়ে পালোয়ান কী করত?
- খ) 'জয়মালা' গল্পের লেখকের নাম লেখ। গল্পটি কোন্ ভাষায় লিখিত?
- গ) কেন সবাই একটি লোককে জঞ্জাল বুড়ো বলত?
- ঘ) কীভাবে গল্পের শেষে জঞ্জাল বুড়োর পরিবর্তন হল?
- ঙ) পান্না চরিত্রটির পরিচয় দাও। কোন্ গল্পে আমরা তাকে পাই?
- চ) রঘু কে? মাত্র ত্রিশ বছর বয়সে তার চেহারা কেমন ছিল?
- ছ) কোন্ গল্পে কে ঢোল বাজাত? কেন ঢোলের আওয়াজ আর শোনা গেল না?

(পরের পাতায়)

- জ) 'ময়লা আঁচল' উপন্যাসে কালীচরণ কে ছিল?
- ঝ) রামপিয়ারীর পরিচয় দাও।
- ঞ) মারামারির ঘটনার পর সাঁওতালদের কী হল?
- ট) ডাক্তার কীভাবে কলেরার আক্রমণ থেকে গ্রামকে রক্ষা করল?
- ঠ) 'চোপ আদালত চলছে' — নাটকটি কবে লেখা? কোন্ নাটকের দলের জন্য লেখা হয়?
- ড) নকল আদালতের অনুষ্ঠানে দলের কে কে অনুপস্থিত ছিল?
- ঢ) সামন্তের পরিচয় দাও। সে কোন্ লেখকের ভক্ত?
- ণ) (মিসেস) সামন্ত সমাজের কোন্ শ্রেণির প্রতিনিধিত্ব করছিলেন?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) 'ময়লা আঁচল' উপন্যাসে বলদেও চরিত্রটি বিশ্লেষণ করো।
উপন্যাসের শেষে তার পরিবর্তন কীভাবে হল? $৩+২$
- খ) 'ময়লা আঁচল' উপন্যাসে প্রত্যন্ত গ্রামের মানুষদের কুসংস্কারের কী কী পরিচয় পাওয়া যায়?
- গ) 'এখন তার নেই কোনো ঘর, নেই বিবি, নেই বাচ্চা, নেই কোনো চাকরি—তার হৃদয় শূন্য, তার পকেট ফাঁকা' — এখানে কার কথা বলা হয়েছে? কেন তার এই রকম অবস্থা হল? $১+৪$
- ঘ) 'পালোয়ানের ঢোলক' গল্পটি কার লেখা? লুটন সিং-এর পরিচয় দাও। $১+৪$
- ঙ) সুখাত্মে নকল আদালতে কী ভূমিকা নেয়? তার চরিত্র বিশ্লেষণ করো। $২+৩$

- চ) 'চোপ আদালত চলছে' নাটকের নাট্যকারের পরিচয় দাও। তিনি এই নাটকে কী বার্তা দিতে চেয়েছেন? ৪+১

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) 'ময়লা আঁচল' কী ধরনের উপন্যাস বলে তুমি মনে করো?
- খ) 'চুউপ আদালত চলছে' নাটকে নকল আদালতে আধুনিক সমাজেও কীভাবে নারী নির্যাতন চলছে তা বুঝিয়ে দাও।
- গ) 'গত দশ বছর ধরে ও যা হারিয়ে ফেলেছিল, সে সবই যেন আজ এই মুহূর্তে সুদে আসলে ফিরে এল ওর কাছে' – কোন্ গল্পে, কার সম্পর্কে এই কথা বলা হয়েছে? প্রসঙ্গটি বিশদে ব্যাখ্যা করো।
- ঘ) 'জয়মালা' গল্পের নামকরণের সার্থকতা বুঝিয়ে দাও।